

Subject: কিশোরগার্টেনে ভর্তির অফারগুলো এসে গেছে!

প্রিয় পরিবারবর্গ,

যেসকল পরিবার 19 জানুয়ারি, 2024-এর সময়সীমার মধ্যে কিশোরগার্টেনে আবেদন করেছে, তারা তাদের সন্তানের কিশোরগার্টেনের অফারের চিঠিটি এখন Myschools-এ দেখতে পারেন।

এছাড়াও পরিবারেরা উল্লিখিতের মাধ্যমেও একটি কপি পেতে পারেন:

- আমাদেরকে ESEnrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন অথবা
- আমাদেরকে 718-935-2009 নম্বরে ফোন করুন

অফারের চিঠিতে থাকবে:

- একটি এলিমেন্টারি স্কুলের কিশোরগার্টেনে অফার, যেখানে তাদের সন্তান 20242025 শিক্ষা বছর অংশগ্রহণ করবে,
- যদি তারা আবেদনপত্রে G&T প্রোগ্রামসমূহ তালিকাভুক্ত করে থাকেন তবে গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড-এ ভর্তির যোগ্যতা।

কীভাবে অফার দেখবেন ও গ্রহণ করবেন, সেবিষয়ে আরও জানতে এই ভিডিওটি দেখুন।

এমন কি পরিবারেরা অপেক্ষা তালিকা থেকে একটি অফারের প্রত্যাশায় থাকলেও, তাদের সন্তানের আসন নিশ্চিত করতে 3 মে, 2024 তারিখের মধ্যে এই অফারটি গ্রহণ করতে আমরা পরিবারদের জোর উৎসাহিত করছি। এই প্রাথমিক অফারটি গ্রহণ করলে পরে অন্য একটি প্রোগ্রাম থেকে অপেক্ষা-তালিকার অফার পাবার সুযোগে কোনো প্রভাব পরবে না। অফারটি গ্রহণ করার পর, রেজিস্টার করার জন্য কী কী নথিপত্র প্রয়োজন তা জানতে অনুগ্রহ করে নতুন স্কুলের সাথে যোগাযোগ করুন।

কোনো প্রশ্ন আছে কি? সহায়তা দেয়ার জন্য আমরা আপনার পাশে আছি! আমাদেরকে 718-935-2009 নম্বরে ফোন করুন অথবা ESEnrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন। কিশোরগার্টেনে ভর্তি সম্পর্কে আরও জানতে আমাদের ওয়েবসাইট দেখুন।

শুভেচ্ছান্তে,



এলিমেন্টারি স্কুল অ্যাডমিশনস্ টিম

এই ইমেইলটি কি আপনার কোনো বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের কিভারগার্টেনে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না।

আপনি যদি আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আর কোনো ইমেইল পেতে না চান, তবে আনসাবসক্রাইব করতে অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।